

তিলোত্তমাসহ ছাত্রলীগের ৩২ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা

আদালত প্রতিবেদক

৩০ মে ২০২২ ১২:০০ এএম

| আপডেট: ৩০ মে ২০২২

০১:২৪ এএম

বাংলা দেশের
আমাদের মমতা

advertisement

হাইকোর্ট ও দোয়েল চতুর এলাকায় সংঘর্ষের ঘটনায় কেন্দ্রীয় ছাত্রলীগের সহসভাপতি তিলোত্তমা শিকদারসহ ৩২ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা করেছেন ছাত্রদল নেত্রী মানসুরা আলম। চুরি, মারধর ও হত্যাচেষ্টার অভিযোগ এনে গতকাল রবিবার তিনি ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শান্তা ইসলামের আদালতে মামলার আবেদন করেন। আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে শাহবাগ থানাকে বিষয়টি তদন্ত করে আগামী ২৬ জুনের মধ্যে প্রতিবেদন

দাখিলের নির্দেশ দিয়েছেন।

মামলার অপর আসামিরা হলেন- কেন্দ্রীয় ছাত্রলীগের সহসম্পাদক রাশেদ ফেরদৌস আকাশ, সাংগঠনিক সম্পাদক মো. নাজিম উদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল শাখা ছাত্রলীগের সভাপতি খাদিজা আক্তার উর্মি, ঢাকা কলেজ ছাত্রলীগের সহ-সম্পাদক সামাদ আজাদ জুলফিকার, ছাত্রলীগের সহ-সম্পাদক আমানুল্লাহ আমান, পরিবেশবিষয়ক সম্পাদক শামীম পারভেজ ও গণশিক্ষাবিষয়ক সম্পাদক আব্দুল্লাহ হেল বারী, উপ-দপ্তর সম্পাদক মো. নাজির, উপ-আপ্যায়ন সম্পাদক শাহীন তালুকদার, উপ-দপ্তর সম্পাদক খান মো. শিমুল, কর্মসূচি ও পরিকল্পনা সম্পাদক সাদাম হোসেইন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল শাখা ছাত্রলীগের নেতা অভিজ্ঞান দাস অন্ত, একুশে হল শাখার নেতা এনারেত এইচ মনন, একই হলের এমদাদুল হাসান সোহাগ ও রাকিব হোসেন, বিজয় একান্তর হল শাখার নেতা মজিবুল বাশার, সলিমুল্লাহ হল শাখার নেতা নাজিমুদ্দিন সাইমুন, চুয়েট শাখা ছাত্রলীগের নেতা সৈয়দ ইমাম বাকের, ছাত্রলীগ কর্মী মাহমুদ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদুল্লাহ হল শাখার নেতা শরিফ আহমেদ, এফ রহমান হল শাখার কর্মী আব্দুর রাহিম, শহিদুল্লাহ হলের মুনিম শাহরিয়ার, সূর্যসেন হলের নাহিদ সাদী, জগন্নাথ হলের প্রশিক্ষিক শুভ ও সৌরভ চক্রবর্তী, এসএম হলের সায়েম, এফ রহমান হলের রিয়াজ, মুজিব হলের মাহবুবুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাবেক নেতা সাজ্জাদ, মিজানুর রহমান পিকুল এবং আব্দুল্লাহ আল ফারিয়াল।